

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

১৫ জ্যৈষ্ঠ, ১৪২৬  
২৯ মে, ২০১৯

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩০.১৯-৮৩

তারিখ:

**বিষয় : কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র যাচাইক্রমে সনদের সঠিকতা সম্পর্কে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র : (I) নেকটার, বগুড়ার স্মারক নং নেকটার/বগ/বে:প্র:/২১৭/৮৭-০২/অংশ (১১)-৫৮৭  
(II) নেকটার, বগুড়ার স্মারক নং-৫৭.২১.০০০০.০০৭.৩৬.০০১.১৭-১৪৮১  
(III) ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০১৯.০১২.১৬-৮৩

তারিখ : ৩০.০৬.২০১৬ খ্রি:  
তারিখ : ১৭.১২.২০১৭ খ্রি:  
তারিখ : ২৭.০২.২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন সাতবাড়ীয়া নুরে মোহাম্মাদী দাখিল মাদ্রাসা এর সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব জিয়াসমিন Modern Traninign Academy for Multilingual Shorthand, Dhunat, Bogura হতে ০১.০১.২০০০ হতে ৩০.০৬.২০০১ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার ডিপ্লোমা কোর্স করেছেন মর্মে জনাব জিয়াসমিন কর্তৃক দাখিলকৃত কাগজপত্র হতে দৃষ্ট হয়।

০২. জনাব জিয়াসমিন কর্তৃক Modern Traninign Academy for Multilingual Shorthand, Dhunat, Bogura হতে অর্জিত সনদটি সঠিক কিনা এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলে প্রথমে সূত্রে বর্ণিত (I) নং স্মারকের মাধ্যমে নেকটার হতে যে মতামত প্রদান করা হয়েছে তা নিম্নরূপ -

“Modern Traninign Academy for Multilingual Shorthand, Dhunat, Bogura প্রতিষ্ঠানটি সাবেক নট্রামস কর্তৃক একটি অনুমোদিত প্রতিষ্ঠান ছিল যার নিবন্ধন নম্বর ৩৬।”

০৩. প্রতিষ্ঠানটি সাবেক নট্রামস এর নিবন্ধনভুক্ত হলেও জনাব জিয়াসমিন কর্তৃক দাখিলকৃত সনদটি সঠিক কিনা নেকটার এর উক্ত পত্র হতে এটা নিশ্চিত হওয়া সম্ভব হয়নি।

০৪. অধিকন্তু সূত্রে বর্ণিত (II) নং স্মারকের মাধ্যমে নেকটার কর্তৃক আবার জানানো হয়েছে যে, জিয়াসমিন কর্তৃক দাখিলকৃত সনদটি সঠিক নয় এবং সেটি জাল।

০৫. অন্য দিকে সূত্রে বর্ণিত (III) নং স্মারকের মাধ্যমে জিয়াসমিন কর্তৃক দাখিলকৃত সনদটি সঠিক মর্মে সুপারিশক্রমে অডিট আপত্তি হতে অব্যাহতি দানের জন্য ডিজি, ডিএমই কর্তৃক সুপারিশ করা হয়েছে।

০৬. এক্ষণে এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়ে মতামতসহ তথ্য প্রয়োজন-

ক) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক Affiliated প্রতিষ্ঠান থেকে অর্জিত প্রশিক্ষণ বিষয়ক সনদ প্রদানকারী কর্তৃপক্ষ কে ?

খ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক Affiliated প্রতিষ্ঠান থেকে অর্জিত প্রশিক্ষণ বিষয়ে উক্ত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদ আইন অনুযায়ী গ্রহণযোগ্য কিনা?

গ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক Affiliated প্রতিষ্ঠান থেকে অর্জিত সনদ এর স্বাক্ষরকারী কর্তৃপক্ষ কে?

ঘ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক Affiliated প্রতিষ্ঠান Modern Training Academy for Multilingual Shorthand, Dhunat, Bogura থেকে জনাব জিয়াসমিন কর্তৃক অর্জিত সনদটি বৈধ এবং গ্রহণযোগ্য কিনা?

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত মতে চাহিত তথ্য (মতামতসহ) আগামী ১৭.০৬.২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন : ৯৫৭৫২৭২

পরিচালক

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া।

**অনুলিপি (সদয় ও কার্যার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫-৬. অফিস কপি/মাষ্টার কপি।